তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৪
AUG 22 2002

# শামসুন্নাহার হলে কার নির্দেশে পুলিশ ঢুকেছিল এখনো স্পষ্ট নয়

কাজী সাইফুদ্দিন অভি : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে ২৩ জুলাই গভীর রাতে পুরুষ পুলিশ প্রবেশের এবং তাদের বর্বরতার ঘটনার সত্যতা নিশ্চিত হওয়া গেলেও কার নির্দেশে তারা প্রবেশ করেছিল এবং মেয়েদের ওপর নির্যাতন চালিয়েছিল এটা এখনো অস্পষ্ট রয়ে গেছে। ঐ রাতে হলে পুলিশ প্রবেশের নির্দেশ কে দিয়েছিল। সারকার না কি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ? এ প্রশ্নই এখন ছাত্রছাত্রী-শিক্ষক-অভিভাবকসহ গোটা দেশবাসীর।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং হল কর্তৃপক্ষ বলেছেন, তারা হলে পুলিশ প্রবেশের নির্দেশ দেননি। কে বা কারা নির্দেশ দিয়েছিল তাও তারা জানেন না। পুলিশের ২/১ জন কর্মকর্তা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশে তারা হলে প্রবেশ করেছেন বলে তথ্য দিলেও পুলিশের এডিসি (দক্ষিণ) আব্দুর রহিম সহকারী প্রোক্টরদের বলেছেন, আমরা হাইকমান্ডের নির্দেশে গেট ভেঙে হলে প্রবেশ করেছি। তবে কে এই হাইকমান্ড তা সহকারী প্রোক্টর অধ্যাপক নাজমুল আহসান কলিমউল্লাহ জানতে চাইলে তিনি বলতে অস্বীকার করেন।

এদিকে সহকারী প্রোক্টরগণ বলেছেন, আমরা যখন ২৩৫ নম্বর কক্ষে অবরুদ্ধ ছিলাম তখন লুসি স্বরাষ্ট্রপ্রতিমন্ত্রীর এপিএসের সঙ্গে মোবাইলে আলাপ

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৫